

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭।  
www.lged.gov.bd


স্মারক নং- এলজিইডি/আইসিটি/ইন্টারনেট/সাধারণ/২০১৪/৫৭৫

তারিখঃ ২৬/০২/২০১৫ ইং।

অফিস আদেশ

দাপ্তরিক কাজের যোগাযোগ ও তথ্য আদান-প্রদান সহজতর ও দ্রুত করার লক্ষ্যে এলজিইডি ডোমেইনে অফিসিয়াল ওয়েবমেইল সুবিধা চালু রয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু ব্যবহারকারীদের অনীহা ও অসচেতনতার জন্য ওয়েবমেইল ব্যবহারের পূর্ণ সুফলতা পাওয়া যাচ্ছে না (যেমন- মেইল আদান-প্রদান করতে না পারা, একজনের অ্যাকাউন্ট থেকে অন্য আরেকজন মেইল করা, অপ্রয়োজনীয় মেইল মুছে না ফেলায় Storage পূর্ণ হয়ে যাওয়া, প্রয়োজন ছাড়া সকলের কাছে মেইল পাঠানো, ইত্যাদি)। এ সকল সমস্যা দূরীকরণে এবং কার্যকরভাবে ওয়েবমেইল ব্যবহারের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য অনুরোধ করা হ'লঃ

- (১) নিজের ই-মেইল আইডি ও পাসওয়ার্ডের গোপনীয়তা বজায় রেখে প্রতিদিন নিজের অফিসিয়াল ই-মেইল অ্যাকাউন্ট পর্যবেক্ষণ করা।
- (২) সদর দপ্তরের বিভিন্ন কার্যালয় থেকে ই-মেইলের মাধ্যমে যেসব তথ্য প্রেরণের জন্য বলা হয় তা যথাসময়ে প্রেরণ করা।
- (৩) All group (all@lged.gov.bd)- ঠিকানা ব্যবহারে সতর্কতা অবলম্বন করা। মেইল শুধুমাত্র যিনি/ যারা সংশ্লিষ্ট তাঁকে/ তাঁদের কাছে প্রেরণ করা। যেমন- টেন্ডার নোটিশ ওয়েবসাইটে পাবলিশ করতে মেইলটি All Group-এ প্রেরণ না করে tender@lged.gov.bd ঠিকানায় প্রেরণ করা। প্রয়োজনে যাদের কপি দেয়া প্রয়োজন শুধু তাদের ঠিকানায় কপি দেওয়া।
- (৪) অপ্রয়োজনীয় মেইল ইনবক্স এবং Trash ফোল্ডার থেকে ডিলিট করা।
- (৫) বড় সাইজের ফাইল/ ছবি Attachment হিসেবে পাঠানোর ক্ষেত্রে সচেতন থাকা। বিশেষ প্রয়োজনে ফাইল Zip করে অথবা ছবির রেজুলেশন কমিয়ে শুধুমাত্র প্রয়োজনীয় ঠিকানায় প্রেরণ করা।
- (৬) ব্যক্তিগত মেইলের ক্ষেত্রে অফিসিয়াল ওয়েব মেইল ব্যবহার না করা (যেমনঃ নববর্ষ/ ঈদ/ জন্মদিনের শুভেচ্ছা জানানো)।
- (৭) সর্বোপরি, ই-মেইল প্রেরণের পূর্বে কার কাছে, কি উদ্দেশ্যে, কে প্রেরণ করছে তা মেইলের বডিতে লেখা।



(শ্যামা প্রসাদ অধিকারী)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২-৯১২৪০২৭

ই-মেইলঃ ce@lged.gov.bd

কার্যার্থেঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ..... (সকল), এলজিইডি।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ..... (সকল), এলজিইডি।
- ৩। প্রকল্প পরিচালক, ..... (সকল), এলজিইডি।
- ৪। নির্বাহী প্রকৌশলী, জেলা..... (সকল), এলজিইডি।
- ৫। উপজেলা প্রকৌশলী..... (সকল), এলজিইডি।

তাঁর আওতাধীন সকল ব্যবহারকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল।